দামুড়হুদায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।” নারী কন্যার সুরক্ষা করি, সহিংসতা মুক্ত বিশ্ব গড়ি ” স্লোগানক সামনে রেখে আজ সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কার্যালয়ের যৌথ আয়োজনে প্রথমে উপজেলা চত্বর থেকে র্যালী বের হয়, পরবর্তীতে র্যালী শেষে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, এসময় তিনি বলেন নারীরা হলো মায়ের জাতি, প্রতিটি মা তার সন্তানকে ভালোবাসে এবং একজন আদর্শবান মানুষ হিসেবে তার সন্তানকে দেখতে চাই। একজন নারী তার সন্তানের প্রথম শিক্ষক, আমরা যারা সবল তারা কখনই দুর্বলদের ওপর নির্যাতন করবো না, আমি যদি নিজে সচেতন হয়ে নিজেকে সঠিকভাবে গড়ে তুলতে পারি তাহলে অবশ্যই পরবর্তী জেনারেশন সুন্দরভাবে গড়ে উঠবে। এ সময় তিনি কবি নজরুল ইসলামের লেখার উদ্ধৃতি দিয়ে বলেন এ বিশ্বে যা কিছু সৃষ্টি চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এই অনুষ্ঠান করার মূল উদ্দেশ্য হলো সমাজে নারীরা কিভাবে বা কী কারণে নির্যাতনের শিকার হচ্ছে সেগুলো চিহ্নিত করে সমাধানকল্পে উদ্বুদ্ধ করা। তিনি আরো বলেন বর্তমান সমাজে প্রচলিত আছে পুরুষরাই নারীদের নির্যাতন করে এটা ঠিক না নারীরাও নারীদের নির্যাতন করে যেমন প্রতিটি পরিবারই কম বা বেশি তার উদাহরণ। নারীরাও নারীদের মাধ্যমে মানসিক ও শারীরিকভাবে নির্যাতিত হয় থাকে সেটা কোনভাবে কাম্য নয়, এটা থেকে আমাদের বাহির হয়ে আসতে হবে ছোটখাটো ভুল ত্রুটি গুলো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখে আলোচনা সাপেক্ষে সমাধান করতে হবে। নারী এবং পুরুষ সবাইকে সমতার দৃষ্টিতে দেখে সুন্দরভাবে সমাজ গড়ে তুলতে হবে। বাল্যবিবাহ কাম্য নয় এটা থেকে আমাদের বাহির হয়ে আসতে হবে। সমাজে যারা আমরা সবল আছি মহানুভবতার দৃষ্টিকোণ থেকে দুর্বলদের সাহায্যের জন্য আমাদেরকে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত নারীদের উদ্দেশ্যে তিনি বলেন এ অনুষ্ঠানে অংশগ্রহণ করে আপনারা সচেতন হবেন এবং আমার আপনার সমাজের প্রতিটি মানুষকে নির্যাতন সম্পর্কে সচেতন করবেন। আমাদের সরকারিভাবে হট লাইন নাম্বার আছে এবং প্রতিটি উপজেলায় মহিলা বিষয়ক কার্যালয় রয়েছে আপনারা যোগাযোগ করবেন আমরা সব সময় আপনাদের পাশে থাকব।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহানের সঞ্চালনায় এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ, সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাম রসূল, মহিলা বিষয়ক কার্যালয়ের কর্মচারীবৃন্দ ও বিভিন্ন ইউনিয়ন থেকে আগত নারী সদস্য বৃন্দরা।

দর্শনায় যৌথ বাহিনীর অভিযানে ফেনসিডিল ও মদসহ আটক ২

দামুড়হুদা উপজেলার দর্শনা থানার বিভিন্ন জায়গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর যৌথ অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসিডিল ও ৮৩ বোতল মদসহ দর্শনা হঠাৎ পাড়ার আব্দুল মালেকের ছেলে জুবায়ের (৩০)ও দর্শনা আনোয়ারপুর গ্রামের খোরশেদ আলমের ছেলে শিপন ইসলাম (২১)কে আটক করেছে।

আজ সোমবার সকাল সাড়ে ৯ টার দিকে চুয়াডাঙ্গার পরিদর্শক নাজমুল হোসেন খানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় ১২ জন স্টাফ, ৫৫ পদাতিক ডিভিশনের লেফটেন্যান্ট আবিদ আহমেদের নেতৃত্বে সেনাবাহিনী ১৬ জন সদস্য সহ দর্শনা থানাধীন দর্শনা হঠাৎ পাড়া এলাকায় যৌথ অভিযান করে চিহ্নিত মাদক ব্যবসায়ী জুবায়ের ও শিপন ইসলামকে ভারতীয় ৩৬ বোতল ফেনসিডিল ও ৮৩ বোতল ভারতীয় ব্লাক হান্টসহ তাদের বাড়ি থেকে আটক করা হয়।

আসামীদের বিরুদ্ধে পরিদর্শক নাজমুল হোসেন খান বাদী হয়ে দর্শনা থানায় একটি মাদক আইনে নিয়মিত মামলা দায়ের করেছে। গতকালই তাদেরকে দুজনকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

দর্শনায় আন্তঃনগর চিত্রা ডাউন সুন্দরবন আপ ট্রেনের যাত্রাবিরতির দাবীতে মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা হল্ট ষ্টেশনের চিত্রা ডাউন সুন্দরবন আপ ট্রেনের যাত্রাবিরতি দর্শনা পুরাতন আন্তজার্তিক আন্তঃ নগর ২ টি সাবেক লোকাল ট্রেনের বরাদ্দ এবং খুলনা-দর্শনা ডাবল লাইন স্থাপনা সহ ৮ দফা দাবিতে মানববন্ধন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১টায় দর্শনা আন্তজার্তিক রেল ষ্টেশন চত্তরে দর্শনার জন্য আমরা ও দর্শনা প্রেসক্লাবের আয়োজনে এই মানববন্ধনে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তারা দাবি আদায়ের লক্ষ্যে আগামী ২১ দিনের আল্টিমেট একটি ঘোষণা করে। দাবী না মানলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনার জন্য আমরা সংগঠনের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু।

বক্তব্য রাখেন, মুক্তিযোদ্ধা চলাকালীন দক্ষিন পশ্চিমা অঞ্চলের রনাঙ্গনে মুক্তিযোদ্ধাদের সংগঠক এ্যাডভোকেট কমরেড মোঃ শহিদুল ইসলাম, দর্শনা সরকারী কলেজের সাবেক উপধাক্ষ মোঃ মোশারফ হোসেন, চুয়াডাঙ্গা জেলা কমিউনিস্ট পার্টির সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান, দর্শনা জামায়েতের পৌর আমির সাহিকুল আলম অপু, দর্শনা গন উন্নয়ন গ্রন্থগারের পরিচালক কবি সাহিত্যিক মোঃ আবু সুফিয়ান, দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক, ওসমান আলী, দর্শনা পৌর ছাত্রদলের সহ-সভাপতি আমিনুল ইসলাম ওমিও, দর্শনা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক ও জেলা কমিটির যুগ্ন আহবায়ক তানভীর আহম্মেদ অনিক, দর্শনা সরকারি কলেজের সাবেক ছাত্রনেতা ইমরুল কায়েস, সাজ্জাদ হোসেন প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা ও উপস্থাপনা করেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল।

দর্শনা কেরুজ ট্রেনিং কমপ্লেক্সে আখের ফলন বৃদ্ধির লক্ষে আখচাষী সমাবেশ

চুয়াডাঙ্গার দর্শনা কেরুজ ট্রেনিং কমপ্লেক্সে আখের ফলন বৃদ্ধি ও উন্নত কৃষিতাত্বিকের লক্ষে আখচাষী প্রশিক্ষণ ২০২৪ অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার দিকে কৃষি বিভাগের আয়োজনে কেরুজ ট্রেনিং কমপ্লেক্সে আখ চাষিদের নিয়ে এ প্রশিক্ষণ অনুষ্টিত হয়।

এ আখচাষী প্রশিক্ষণে কেরু এ্যান্ড কোম্পানীর মহাব্যাবস্থাপক কৃষি আশরাফুল আলম ভৃইয়ার সভাপতিত্বে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এফসিএমএ রাব্বিক হাসান।

এ সময় আখচাষীদের উদ্দ্যশে তিনি বলেন, আপনারা আখ চাষ করবেন ভালো জাতের বীজ লাগাবেন। আপনারা মাথায় রাখবেন একর প্রতি কেমন ফলন আসবে সেদিকে খেয়াল রাখবেন। তাহলে বুঝতে পারবেন আপনারা আখচাষে লাভবান হচ্ছেন কিনা। আপনারা এ মিলটিকে টিকিয়ে রাখতে হলে আপনাদের হাত বাড়িয়ে দিতে হবে। তাই আপনারা হাত বাড়িয়ে দিলে আপনাদের কথা চিন্তা করে আমারা আরেক দফা আখের মৃল্য বৃদ্ধি করা যায় কিনা সে বিষয়ে আলোচনা করবো। আপনারা এ মিলটির পাশে থাকলে আগামীতে মিলটি আরও বেশিদিন চলবে। তাই আপনারা কিভাবে লাভবান হবেন সেদিকে খেয়াল রাখব সবসময়। পরিশেষে তিনি বলেন আপনারা মিলে যে আখ দিবেন অব্যশই পরিস্কার পরিছন্ন আখ দেবেন। এতে করে আপনাদের মিলটি ভালো চলবে। আপনাদের ভোগান্তি কম হবে এবং মিলটি ব্রেক ডাউন কম হবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন ডিজিএম সম্প্রসারণ মাহাবুবুর রহমান,কৃষিবিদ দেলোয়ার হোসেন,পৃর্ব সাবজোনের প্রধান মাহফুজ আলম রতন,পশ্চিম সাবজনের মোস্তাহিদুল ইসলাম, আখচাষীদের মধ্যে উপস্থিত ছিলেন, শামীম আল হাসান, ফরিদ উদ্দীন, নিজাম উদ্দীন, মহাসীন আলী, ইন্তাদুল হক প্রমুখ।

দামুড়হুদায় তাড়ি বাগানের ছড়াছড়ি: প্রশাসনের হস্তক্ষেপ কামনা এলাকাবাসীর

দামুড়হুদায় তাড়ি বাগানের ছড়াছড়ি ফলে এলাকায় মাতালের উৎপাত বেড়েছে। এতে এলাকায় সামাজিক পরিবেশের পাশাপাশি মাঠের ফসলের ক্ষতি সাধন হচ্ছে। মাতালরা তাড়ি খেয়ে ভুট্টা সহ নানান ফসল নষ্ট করছে। শুধু তাইনা নেশার টাকা জোগাড় করতে করছে চুরি ছিনতাই। ফলে এলাকায় আশঙ্কা জনক হারে বেড়েছে চুরি। এর থেকে পরিত্রাণ পেতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন এলাকাবাসী।

স্থানীয় সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর মাঠ, কাদিপুর মাঠ, দুধপাতিলার মাঠ, বাস্তপুর মাঠ, জয়রামপুর মাঠ সহ একাধিক মাঠের বেশ কয়েকটি স্পটে দেদারসে বিক্রি হচ্ছে নেশাদ্রব্য তাড়ি। যা খেয়ে বিগড়ে যাচ্ছে তাড়ি খোররা। তাড়ি খাওয়ার এমনই নেশা একদিন না খেলে মাথায় কাজ করেনা খাদকদের। ফলে সকাল সন্ধ্যায় তাড়ি খোররা ভিড় জমায় তাড়ি বাগানে। নেশার টাকা জোগাড় করতে করছে চুরি ছিনতাই এর মতো জঘন্যতম কাজ।

শীতের সময় খেজুরের বাগানে তৈরি হয় তারি। বাগানে তাড়ি খেতে গিয়ে মানুষ মাতাল হয়ে আসার সময় মাঠের ফসল নষ্ট করছে। এমনভাবে নষ্ট করছে যে চারা গাছটি মরে যাচ্ছে। মাতাল অবস্থায় তারা কি করছে তার কোন বোধগম্য থাকে না। ফলে নষ্ট হচ্ছে বিস্তীর্ণ কৃষি খেত। কৃষকের ঘাম ঝরানো ফসল যদি এভাবে নষ্ট করে তাহলে তা খুবই দুঃখজনক।

নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় এলাকাবাসী বলেন, তাড়ি খেয়ে মাতাল হয়ে ফসলের ক্ষতি করছে। তাড়ির মধ্যে এমন কিছু মেশানো হচ্ছে, যে তাড়ি খায় সেই মাতাল হয়ে বিগড়ে যাই। মাতালরা বাড়িতে গিয়ে উল্টা পাল্টা করে সংসারে ঝামেলা বাঁধায়, অশান্তির সৃষ্টি করছে। পরিবারের লোকজনকে মারধর করেছে, প্রতিবেশীর সাথে বিবাদে লিপ্ত হচ্ছে। তাড়ি খেয়ে স্ত্রী’কে বেদম প্রহারের ফলে থানায় অভিযোগ

হতেও দেখা গেছে। খেজুরের সময় গাছিরা খেজুরের রস দিয়ে গুড় তৈরী করবে, কিন্তু তা না করে কতিপয় গাছিরা খেজুরের তাড়ি তৈরী করে সমাজকে কলুষিত করছে। এর থেকে পরিত্রাণে স্থানীয় এলাকাবাসী প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

দর্শনায় ট্রেন থামনো ও ষ্টেশনের অবকাঠামো নিমার্নের দাবীতে মানববন্ধন

দর্শনায় ট্রেন থামনো ও দর্শনা রেলওয়ে ষ্টেশনের অবকাঠামো নিমার্নের দাবীতে মানব বন্ধন অনুষ্ঠিত হবে। আজ রবিবার সকাল ১০টায় দর্শনা প্রেসক্লাবে মানব বন্ধনের প্রস্তুতি বিষয় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা প্রেসক্লাবের ও দর্শনার জন্য আমরা সংগঠনের আয়োজনে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন, বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু।

এসব দাবীর মধ্যে রয়েছে, দর্শনা হল্ট ষ্টেশনে ঢাকাগামী দুইটি ট্রেন আপ ও ডাউনে থামাতে হবে। দর্শনা আর্ন্তজাতিক রেল ষ্টেশন থেকে একটি লোকাল ট্রেন ও একটি ইন্টার সিটি ট্রেন চালু করতে হবে।

এছাড়া দর্শনা আর্ন্তজাতিক রেল ষ্টেশনে একটি কন্টিনিয়ার পোর্ট নিমার্ন করাসহ বেশ কিছু দাবী তুলে ধরা হবে মানব বন্ধনে। অনুষ্ঠানে বিভিন্ন দাবী নিয়ে আলোচনা করেন বীর মুক্তিযোদ্ধা বিল্লাল উদ্দীন, আব্দুল হানান, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক নাহারুল ইসলাম, দর্শনা পৌর আমির সাইকুল আলম অপু, বৈষম্য বিরোধী ছাত্র-জনতা আন্দোলনের সমন্বয়ক সোহানুর রহমান, সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম,দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন ও দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক জাহান আলী। অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল।

আলমডাঙ্গায় দুই শিক্ষক বহিষ্কার

আলমডাঙ্গা উপজেলায় অনৈতিক কর্মকান্ডের অভিযোগে দুই শিক্ষককে সাময়িক বহিষ্কার করেছে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতৃবৃন্দ। গতকাল শনিবার দুপুরে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ জরুরী বৈঠক শেষে এ সিদ্ধান্ত নেন।

বহিষ্কৃত শিক্ষকরা হলেন-উপজেলার শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সোলাইমান হক ও পৌর এলাকার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নাফিউন নেছা।

অভিযোগ থেকে জানা যায়, দুই শিক্ষক কিছুদিন ধরে সম্পর্কের জেরে পরিবারকে ফাঁকি দিয়ে গোপনে মাঝেমধ্যেই দেখা সাক্ষাৎ করে আসছিলেন। শিক্ষক নাফিউন নেছার স্বামী হাটবোয়ালিয়া স্কুল এন্ড কলেজের শিক্ষক মনিরুজ্জামান বিষয়টি জেনে গেলে স্বামী স্ত্রীর মধ্যে বিপত্তি বাঁধে। এই ঘটনার জের তিন শিক্ষকের পরিবারের মধ্যেই ছড়িয়ে পড়ে। এমন পরিস্থিতিতে স্বামী মনিরুজ্জামানের পক্ষের লোকজন সোলাইমান হকের শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়েও চড়াও হন। এতে উত্তেজনার সৃষ্টি হয়।

শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসানউদ্দৌলা মিলন বলেন, স্কুল চলাকালীন চার মোটরসাইকেলে আটজন যুবক স্কুলে এসে সোলাইমানকে খুঁজতে থাকে। তারা স্ত্রী সন্তান থাকা সোলাইমানের বিরুদ্ধে অন্যের স্ত্রীর সাথে অনৈতিক সম্পর্কে তুলে হট্টগোলের চেষ্টা করেন। এসময় তিনি উপজেলা সহকারী শিক্ষা অফিসারকে উদ্ভুত ঘটনা অবহিত করেন। পুলিশকেও জানান।

পরে শিক্ষা কর্মকর্তা ও পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি শান্ত করে।

ঘটনা এখানেই শেষ হয়নি। সহকারী শিক্ষক নাফিউন নেছার স্বামী মনিরুজ্জামান উপজেলা প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির কাছেও পারিবারিক অশান্তির অভিযোগ দেন। শেষ পর্যন্ত শিক্ষক সমিতির

নেতৃবৃন্দ সহকারী শিক্ষক নাজিউন নেছা ও সোলাইমান হকের সমিতির সদস্য পদ সাময়িক স্থগিত করেন।

চুয়াডাঙ্গায় নিরাপদ সড়ক চাই নিসচা’র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিক পালন

‘ছাত্র জনতার অঙ্গিকার, নিরাপদ সড়ক হোক সবার’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় নিরাপদ সড়ক চাই নিসচা’র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিক পালন করা হয়েছে। আজ রবিবার সকাল দশটায় সংগঠনটির প্রতিষ্ঠাবার্ষিক উপলক্ষে র্যালি ও সমাবেশ করা হয়।

শহরের কোর্ট মোড় ঘুরে বর্ণাঢ র্যালি শেষ করে সংগঠনটির চুয়াডাঙ্গা জেলা শাখার কার্যালয়ে এসে শেষ করা হয়। পরে প্রতিষ্ঠাবার্ষিক উপলক্ষে সমাবেশ সভা করা হয়। সভায় সভাপত্বিত করেন নিরাপদ সড়র চাই চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাড. মানিক আকবর।

সভায় সংগঠনটির সাধারণ সম্পাদক জাকির হোসেন বলেন, ‘মহাসড়কে কোনওভাবেই অসুস্থ বা ক্লান্ত অবস্থায় গাড়ি চালানো যাবে না। প্রত্যেক মানুষেরই পর্যাপ্ত ঘুম ও বিশ্রাম প্রয়োজন। অন্যদিকে সড়ক দুর্ঘটনার আরও একটি অন্যতম কারণ চালকদের ওভারটেকিং প্রবণতা। সাধারণত রাস্তায় ধীরগতির গাড়িগুলোকে ওভারটেকিংয়ের প্রয়োজন পড়ে।

এ সময় হর্ন বাজিয়ে সামনের গাড়িকে সংকেত দিতে হয়। কিন্তু অনেক সময় সংকেত না দিয়ে একজন আরেকজনকে ওভারটেক করার চেষ্টা করে, যার ফলে সামনের দিক থেকে আসা গাড়ি বের হতে না পেরে মুখোমুখি সংঘর্ষে লিপ্ত হয়। সড়ক দুর্ঘটনার আরেকটি কারণ হলো ত্রুটিপূর্ণ সড়কব্যবস্থা। মহাসড়কগুলোতে বাঁকা থাকার কারণে সামনের দিক থেকে আসা গাড়ি দেখতে না পেয়ে অনেক চালক দুর্ঘটনা ঘটিয়ে থাকে। রাস্তার পাশে হাট-বাজার স্থাপন এবং ওভারব্রিজ না থাকাও দুর্ঘটনার অন্যতম কারণ বলে মনে করা হয়। আমরা সড়কে আর মৃত্যু দেখতে চাই না। এজন্য

সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে হবে। দেশের সড়ক-মহাসড়কে নিরাপদ যাত্রা নিশ্চিত করতে পারলে দুর্ঘটনার হার কমে আসবে। সকলকে ট্রাফিক আইন সম্পর্কে সচেতন থেকে তা মেনে চলতে হবে’।

এসময় সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা নিরাপদ সড়ক চাই (নিসচা) সহ-সভাপতি রফিকুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক জামান আখতার, কামরুজ্জামান সেলিম, শামিম আহমেদ বিপ্লব, সাংগঠনিক সম্পাদক শামিম হোসেন, দপ্তর সম্পাদক শেখ লিটন, সদস্য বিপুল আশরাফ, মফিজুর রহমান, পিন্টু মাস্টার, ইন্তাজুল ইসলাম, উজ্জল হোসেন, রোমান হোসেন রাহুল, প্রমুখ।

দামুড়হুদা প্রেসক্লাবে সময়ের সমীকরণ পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদায় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ১০ম পদার্পন উপলক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আজ শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবে পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশিরের আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, থানা বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া।

দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিক

সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহাজালাল বাবু, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, সদস্য হাবিবুর রহমান হবি, খালেকুজ্জামান, হেলাল উদ্দিন, হাতেম আলি,সাফায়েতুল্লাহসহ প্রেসক্লাবের সদস্য বৃন্দ।

প্রধান অতিথি দামুড়হুদা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান বলেন, আমার সব থেকে ভালো লেগেছে দৈনিক সময়ের সমীকরণ এই নাম। আমি দেখেছি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মাঝে জীবনের ঝুঁকি নিয়ে সাংবাদিকরা ভিডিও ফুটেজ তৈরি করে সময়ের সমীকরণ পেজে আপলোড করেছে। এটাই সাহসিকতার পরিচয় সাংবাদিকদের। তখনই আমার বিশ্বাস জন্মেছে দৈনিক সময়ের সমীকরণ একটি ভালো পত্রিকা এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে এরা পিছুপা হয় না তাই সাহসিকতার সাথে এই পত্রিকার সংশ্লিষ্ট সকল সাংবাদিকবৃন্দ এগিয়ে যাবেন এই প্রত্যাশা। আমরা আছি আপনাদের সাথে সব সময়।

দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ মাড়াই মৌসুমের স্লো- ফায়ারিংয়ের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ মৌসুমে আখ মাড়াই উপলক্ষে চিনিকলের বয়লিং হাউজে আগুন নিক্ষেপের মধ্যে দিয়ে স্লো- ফায়ারিং শুভ উদ্ধোধন অনুষ্টিত হয়েছে।

আজ শুক্রবার দুপুর ২ টায় কেরুজ বয়লিং হাউজের সামনে স্লো-ফাযারিং উপলক্ষে মিল হাউজের বয়লার বিভাগে এক আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ রাব্বিক হাসান, এ সময় তিনি বলেন ১৯৩৮ সাল থেকে মিলটি একই ভাবে চলছে।তবে মিলটি ইতিমধ্যে বিএমআর আইয়ের কাজ চলছে। তাই বয়লিং হাউজ মিলের একটি গুরুত্বপুর্ন

জায়গা। সেজন্য আমরা পরিক্ষা মৃলকভাবে ১৫/২০ দিন আগে দেখে নিই কোন সমস্যা আছে কিনা। যদি সমস্য থাকে তাহলে আমরা দ্রত সারিয়ে তুলতে পারবো। তিনি আরও বলেন গত বছর মিলটি আখের অভাবে ৫২কার্য দিবসে মিলটি বন্ধ হয়ে গিয়েছিলো। তাই এবার ২ মাসের অধিক মিলটি চলবে। তাই সবার প্রতি অনুরোধ করে বলেন আপনারা সবাই মিলটি টিকিয়ে রাখার স্বার্থে সবাই আখ লাগাবেন।

তাই তিনি প্রত্যেক শ্রমিক কর্মচারীদের অনুরোধ করে বলেন আপনারা মিলটি টিকিয়ে রাখতে হলে সবাই আখ লাগান মিলটি প্রান ফিরে পাক। ২০২৪-২৫ মাড়াই মৌসুমে বড় ধরনের কোন যান্ত্রিক সমস্যার সম্মূখীন হতে না হয় সেজন্য সকল যন্ত্রাংশ ট্রাইল দেওয়া হচ্ছে পাশাপাশি কোন সমস্য আছে কিনা সেটিও দেখা হচ্ছে। তবে মিলটি মাড়াই মরসুম সুন্দর ও সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে সকল ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। আশা রাখি সকল প্রতিকূলতা মোকাবেলা করে মাড়াই মৌসুম সম্পন্ন করা সম্ভব হবে। সেই সাথে সকলের প্রচেষ্টায় প্রতিষ্ঠানকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা সম্ভব হবে। তবে চিনি উৎপাদনের একমাত্র কাচামাল হচ্ছে আখ। তিনি এতদ্বা অঞ্চলের চাষিদের প্রতি আহ্বান জানিয়ে আরও বলেছেন, দেশের ভারী শিল্পপ্রতিষ্ঠান, জেলার ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান কেরুজ চিনিকলকে রক্ষা করতে বেশি বেশি করে আখ চাষের কোনো বিকল্প নেই ।এবার গতবারের ছাড়া ১০ দিন দেরিতে চালু হলেও মিলটি সুন্দর ভাবে চলবে বলে আশা করছি।

এসময় উপস্থিত ছিলেন, কেরু চিনিকলের মহাব্যাবস্থাপক অর্থ আব্দুস সাত্তার,জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, চিনিকলের কারখানা মহাব্যাবস্থাপক সুমন কুমার সাহা, এডিএম গালিব হোসেন, ডিজিএম মাহাবুবুর রহমান, কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারন সম্পাদক হাফিজুর রহমান হাফিজ, সহ-সাধারন সম্পাদক মোস্তাফিজুর রহমান, সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক সাধারন সম্পাদক মনিরুল ইসলাম পিন্স, মাসুদুর রহমান মাসুদ সংগঠনের কর্নধর সৌমিক হাসান রুপম, সাবেক সহ সাধারন সম্পাদক খবির উদ্দিন, এ স্লো ফায়ারিংয়ের অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন কেরু জামে মসজিদের পেশ ইমাম সামসুজোহা, এ অনুষ্ঠানটি পরিচালনা করেন মেকানিকাল ইঞ্জিয়ারিং নাজমুল হোসেন।

গত বছর ২০২৩-২৪ আখ মাড়াই হয়েছিল ৫৬ হাজার মেট্রিক টন এ বছর ২০২৪-২৫ মাড়াই মৌসুমে ৭০ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ২০২৪-২৫ মাড়াই মৌসুমে আখ রোপনের টার্গেট নিয়ে মাঠে নেমেছে ৬ হাজার মেট্রিক টন। তার বীপরীতে দণ্ডায়মান আখ আছে কেরুর নিজস্ব জমিতে ২৭

হাজর মেট্রিক টন, পাবলিক আখচাষীদের জমিতে দণ্ডায়মান আখ আছে ৪৩ হাজার মেট্রিক টন। চিনি আহরনের গড় ধরছে ৫। গত বছর চিনি আহরনের গড় ছিল ৪.৯৪। এবার চিনিকলটি ৬০ কার্যদিবস চলবে বলে জানায় কেরুজ কতৃপক্ষ।